Registered No. DA-1

# The Bangladesh Gazette

*Extraordinary*

**Published by Authority**

SUNDAY, AUGUST 25, 1985

## GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

### MINISTRY OF LABOUR AND MANPOWER

**Section-X**

NOTIFICATION

**Dhaka, the 25th August, 1985**

**No. S. R. O. 386-L/85/S-X/M(9)/85.**—In exercise of the powers conferred by sub-section 1 (a) of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare that the rates specified in the Schedule below, being the minimum rates of wages recommended by the Minimum Wages Board for the various workers employed in the Glass and Silicate Industries in Bangladesh, shall be the minimum rates of wages for such workers:—

SCHEDULE

গ্লাস শিল্প প্রতিষ্ঠান

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | ভাতাদিসহ মাসিক সর্বমোট নিম্নতম মজুরী। |
|---|---|
| | টাকা |
| **উচ্চ দক্ষ-১ঃ** | ৮৪০ |
| ১। কেমিষ্ট | |
| ২। ফোরম্যান | |
| ৩। লেদম্যান/টার্নার | |
| ৪। ফারনেসম্যান | |
| ৫। জগ হ্যান্ডেল ফিটারম্যান | |



*Price : 50 Paisa*

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | ভাতাদিসহ মাসিক সর্বমোট নিম্নতম মজুরী। |
|---|---|
| | টাকা |
| **উচ্চ দক্ষ-২ঃ** | ৮০০ |
| ১। ড্রোয়ার | |
| **দক্ষ-১ঃ** | ৭৫৫ |
| ১। জয়েন্ট ড্রোয়ার | |
| ২। মেসিনম্যান | |
| ৩। প্রেসম্যান | |
| ৪। রোলারম্যান | |
| ৫। ব্লাকস্মিথ | |
| ৬। কার্পেন্টার | |
| **দক্ষ-২ঃ** | ৭৩৫ |
| ১। মেসিনম্যান হেলপার | |
| ২। প্রেসম্যান হেলপার | |
| ৩। আড্ডা হেলপার | |
| **দক্ষ-৩ঃ** | ৭১৫ |
| ১। মেসন | |
| ২। ইলেকট্রিক মিস্ত্রী | |
| ৩। ওয়াটার পাইপ ফিটার | |
| ৪। কার্পেন্টার হেলপার | |
| ৫। রংশাওয়ালা/পোলিশম্যান | |
| ৬। ফায়ারম্যান | |
| ৭। লাইনম্যান | |
| ৮। বাবলার/বাবল্ মেকার | |
| ৯। প্রেস হ্যান্ডেল ম্যান-১ | |
| **আধা দক্ষ-১ঃ** | ৬৭৫ |
| ১। ফায়ারম্যান হেলপার | |
| ২। প্রেস হ্যান্ডেলম্যান | |
| ৩। হ্যান্ডেল ওয়ালা | |
| ৪। মেসিন এয়ারম্যান | |
| **আধা দক্ষ-২ঃ** | ৬৫৫ |
| ১। মিল্টার | |
| ২। স্প্রেম্যান | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | ভাতাদিসহ মাসিক সর্বমোট নিম্নতম মজুরী। |
|---|---|
| | টাকা |
| ৩। ডাইস ম্যান/প্রেস ডাইসম্যান | |
| ৪। আড্ডা কাটিংম্যান | |
| ৫। বাবরীওয়ালা | |
| ৬। ফিটার হেলপার | |
| ৭। প্রেসকুলার | |
| ৮। মেসিনকুলার | |
| ৯। চিমনি কাটিং/জার কাটার | |
| ১০। চেকার | |
| ১১। কাচ ধোলাই | |
| ১২। গ্রাইন্ডার | |
| অদক্ষঃ | ৬৩০ |
| ১। জার গ্রাইন্ডার হেলপার | |
| ২। কেমিক্যাল মিক্সিং ম্যান | |
| ৩। কোলম্যান | |
| ৪। যোগালী | |
| ৫। ফাইলম্যান/ফিটার হেলপার | |
| ৬। মোল্ড হেলপার/আড্ডা ডাইসম্যান | |
| ৭। রেকার | |
| ৮। ঠান্ডাওয়ালা | |
| ৯। স্যান্ডওয়াসার | |
| ১০। ডব্লিউ/সাধারণ শ্রমিক | |
| ১১। ছইয়াল | |
| ১২। প্যাকার ও চেকার | |
| ১৩। ডেসপ্যাচম্যান/ডেলিভারীম্যান | |
| ১৪। ক্লিনার | |
| ১৫। ফায়ারম্যান হেলপার | |
| ১৬। প্রেস হ্যান্ডেলম্যান | |
| ১৭। প্রেস ডাইসম্যান | |
| ১৮। বাবরীওয়ালা | |

সিলিকেট শিল্প প্রতিষ্ঠান

| | |
|---|---|
| উচ্চতর দক্ষঃ | ৮৪০ |
| ১। ফোরম্যান | |
| ২। বয়লার মিস্ত্রী/বয়লার এটেনডেন্ট (ফার্স্ট ক্লাস) | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | ভাতাদিসহ মাসিক সর্বমোট নিম্নতম মজুরী। |
|---|---|
| | টাকা |
| **দক্ষ:** | ৭৫৫ |
| ১। বয়লার মিস্ত্রী/বয়লার এটেনডেন্ট (সেকেন্ড ক্লাস) | |
| ২। ফিটার | |
| ৩। শিফ্‌ট ইনচার্জ/জমাদার | |
| ৪। সহকারী ফোরম্যান | |
| ৫। ট্রাক ড্রাইভার | |
| ৬। ইলেকট্রিশিয়ান | |
| **আধা দক্ষ:** | ৬৭৫ |
| ১। সহকারী শিফ্‌ট ইনচার্জ/সহকারী জমাদার | |
| ২। ইলেকট্রিশিয়ান হেলপার | |
| **অদক্ষ:** | ৬৩০ |
| ১। সাধারণ শ্রমিক | |
| **কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ:** | |
| **গ্রেড-১:** | ৮৪০ |
| ১। হিসাব রক্ষক | |
| ২। সুপারভাইজার | |
| **গ্রেড-২:** | ৭৫৫ |
| ১। ষ্টোর কিপার | |
| ২। টাইম কিপার | |
| ৩। ক্লার্ক | |
| ৪। টাইপিষ্ট | |
| ৫। সহকারী হিসাব রক্ষক | |
| ৬। টেলিফোন অপারেটর | |
| ৭। ষ্টোর এসিস্‌ট্যান্ট | |
| ৮। ড্রাইভার | |
| ৯। ক্যাশিয়ার | |
| ১০। সেলসম্যান | |
| **গ্রেড-৩:** | ৬৩০ |
| ১। পিয়ন | |
| ২। দারোয়ান | |
| ৩। পাহারাদার | |
| ৪। দপ্তরী | |
| ৫। ক্লিনার | |

By order of the President

SYED ANWARUL ISLAM

*Deputy Secretary.*

বিঃ দ্রঃ এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের এতদসংক্রান্ত সুপারিশ ১৯৮৫-এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল:

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "গ্লাস ও সিলিকেট" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৮৫ ইং

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (অধ্যাদেশ নং ৩৯) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিজ্ঞপ্তি নং এস, আর, ও ৩৫-এল/৮২/এস-এগার/এমডব্লিউবি-৩৫/৮১/১৯, তারিখ ১৫ই জানুয়ারী, ১৯৮২ মোতাবেক গ্লাস ও সিলিকেট শিল্পে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যের নির্দেশ দেন। নির্দেশিত উক্ত শিল্পের প্রতিনিধিত্ব করার জন্য ১৯৮২ সনের ১লা সেপ্টেম্বর বিজ্ঞপ্তি নং এস, আর, ও ৩০৮-এল/৮২/এস-দশ/২(৩)/৮২ মোতাবেক গ্লাস ও সিলিকেট শিল্পের জন্য মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোট বড় কয়েকটি "গ্লাস ও সিলিকেট" শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা ও কর্মপদ্ধতি, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদান পদ্ধতি, শিল্পের অর্থনৈতিক অবস্থা এবং সকল শ্রমিকদের বিশেষ করিয়া "গ্লাস ও সিলিকেট" শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন।

অতঃপর বোর্ড খসড়া সুপারিশের উপর প্রাপ্ত আপত্তি ও প্রস্তাব পর্যালোচনাক্রমে নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশের প্রস্তাব পেশ করিতেছেনঃ

১। বাংলাদেশে অবস্থিত সমস্ত "গ্লাস ও সিলিকেট" শিল্প প্রতিষ্ঠান প্রকৃতপক্ষে দুইটি ভিন্ন বা আলাদা প্রতিষ্ঠান, যথা—গ্লাস শিল্প প্রতিষ্ঠান ও সিলিকেট শিল্প প্রতিষ্ঠান। শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা, প্রকৃতি ও ঝুঁকি, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা ইত্যাদি বিবেচনাক্রমে গ্লাস শিল্পে (১) উচ্চতর দক্ষ-১, (২) উচ্চতর দক্ষ-২, (৩) দক্ষ-১, (৪) দক্ষ-২, (৫) দক্ষ-৩, (৬) আধা-দক্ষ-১, (৭) আধা-দক্ষ-২ ও (৮) অদক্ষ এই আট শ্রেণীতে এবং সিলিকেট শিল্পে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ, (৩) আধা-দক্ষ ও (৪) অদক্ষ এই চার শ্রেণীতে এবং উভয় শিল্পের কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২ ও গ্রেড-৩ এই তিন শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বিবৃত হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠান দুইটি উপরোক্ত "ক" পরিচ্ছেদে বর্ণিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন কারণে কোন পদ পরিচ্ছেদ "ক"-এ উল্লেখ না থাকে তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদের শ্রেণী নির্ধারণক্রমে উক্ত "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডে জানাইবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক/কর্মচারীও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী শ্রমিক বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগ-কারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৫। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর যোগ্যতাসম্পন্ন শ্রমিককে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৬। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক ঐ শ্রমিকদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী (ভাতাদিসহ) মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে। ফ্যাক্টরী আইন অনুযায়ী বিশ্রামসহ ৮ (আট) কর্মঘন্টায় এক দিন এবং ২৬ (ছাব্বিশ) কর্মদিবসে এক মাস গণ্য হইবে। কোন শ্রমিক দৈনিক ৮ ঘন্টা অপেক্ষা কম কাজ করিলে তিনি সময় অনুপাতে কম মজুরী পাইবেন।

(খোন্দকার বদরুদ্দিন আহমেদ)
চেয়ারম্যান
নিম্নতম মজুরী বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

(ডঃ তাহেরুল ইসলাম)
নির্দলীয় সদস্য।

(কে, এম, নাসিরুল হক)
মালিক পক্ষের সদস্য।

(মকবুল আহমেদ)
শ্রমিক পক্ষের সদস্য।

(সৈয়দ বদরুদ্দোজা নাজনু)
শ্রমিক পক্ষের সদস্য।

Printed by Khandker Obaidul Muktader, Deputy Controller, Bangladesh Government Press Dhaka.
Published by Md. Abdul Matin Sirker, Deputy Controller, Bangladesh Forms and Publications Office, Tejgaon, Dhaka.